অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/25/2026 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কের সাইডার কান্ট্রিতে শরৎ শুরু: ***গভর্নর হোকল এবং*** **NEW YORK CIDER ASSOCIATION** ***কৃষিভিত্তিক পর্যটন বাড়ানো, গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করা, এবং নিউ ইয়র্ককে দেশের প্রধান হার্ড সাইডার গন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য "NY STATE OF CIDER" ক্যাম্পেইন শুরু করেছেন***

New York Cider Association এবং Airbnb-এর নতুন পার্টনারশিপ একটি নিবেদিত ডিজিটাল গন্তব্য নির্দেশিকার মাধ্যমে ভ্রমণকারীদের নিউ ইয়র্কের প্রধান হার্ড সাইডার অঞ্চলগুলির সাথে যুক্ত করবে
এই ক্যাম্পেইনের উদ্বোধন নিউ ইয়র্ককে দেশের হার্ড সাইডার কৃষিভিত্তিক পর্যটনের শীর্ষ গন্তব্য হিসেবে প্রতিষ্ঠা করার জন্য গভর্নরের 2026 সালের স্টেট অফ দ্য স্টেটের অঙ্গীকারকে বাস্তবায়ন করছে

শরৎকালের প্রথম সপ্তাহ আনুষ্ঠানিকভাবে শুরু হওয়ার সাথে সাথে, গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে NY State of Cider ক্যাম্পেইন শুরুর ঘোষণা করেছেন, এটি নিউ ইয়র্কের (New York, NY) অর্চার্ড, সাইডার প্রস্তুতকারক, রেস্তোরাঁ, খুচরা বিক্রেতা, আতিথেয়তার ব্যবসা, এবং গ্রামীণ কমিউনিটিগুলিকে উদযাপন করা ও উন্নতি করা এবং একই সাথে নিউ ইয়র্ককে দেশের প্রধান সাইডার গন্তব্য হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে নেওয়া এই ধরনের প্রথম স্টেটব্যাপী উদ্যোগ। এই উদ্বোধনের মধ্যে New York Cider Association-এর Airbnb-এর সাথে নতুন পার্টনারশিপ রয়েছে এবং এটি স্টেটের স্থানীয় সাইডার শিল্পকে সমর্থন করা এবং সাইডারের যে শক্তিশালী কৃষিভিত্তিক পর্যটনের সুযোগ আছে তা কাজে লাগানোর বিষয়ে গভর্নরের 2026 সালের স্টেট অফ দ্যে স্টেটের (State of the State) অঙ্গীকারকে বাস্তবায়ন করছে। নিউ ইয়র্ক দেশের শীর্ষস্থানীয় হার্ড সাইডার উৎপাদক, অন্য যেকোনো স্টেটের তুলনায় এখানে বেশি সাইডারি রয়েছে।

"চলুন, গ্লাস তুলে নিউ ইয়র্কের সাইডার উৎপাদকদের সম্মানে পান করি।" **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের বিশ্বমানের আপেল চাষী, উদ্ভাবনী সাইডার প্রস্তুতকারক, এবং প্রাণবন্ত গ্রামীণ কমিউনিটিগুলি নিউ ইয়র্ককে হার্ড সাইডার উৎপাদনে শীর্ষ স্থানে নিয়ে গিয়েছে। NY State of Cider ক্যাম্পেইন এই সম্পদগুলি দেশের নানা প্রান্তের বাসিন্দা ও দর্শনার্থীদের সামনে তুলে ধরবে এবং একই সাথে খামার, ছোট ব্যবসা, রেস্তোরাঁ, এবং পর্যটন গন্তব্যগুলির জন্য নতুন সুযোগ তৈরি করবে। New York Cider Association-এর Airbnb-এর সাথে পার্টনারশিপ এবং কৃষিভিত্তিক পর্যটনের ভবিষ্যতে স্টেটের বিনিয়োগের মাধ্যমে আমরা আরো বেশি মানুষকে নিউ ইয়র্কের সেরাটি উপভোগ করার জন্য আমন্ত্রণ জানাচ্ছি।"

এই উদ্যোগের অংশ হিসেবে, New York Cider Association একটি নিবেদিত অনলাইন গন্তব্য নির্দেশিকার মাধ্যমে ভ্রমণকারীদের নিউ ইয়র্কের স্বতন্ত্র সাইডার অঞ্চলগুলি ঘুরে দেখার জন্য উৎসাহিত করার জন্য Airbnb-এর সাথে পার্টনার হয়েছে , যেখানে স্থানীয় আবাসন, সাইডারি, অর্চার্ড, রেস্তোরাঁ, বোতলের দোকান, এবং কাছাকাছি দর্শনীয় স্থানগুলির তথ্য থাকবে। ক্যাম্পেইনটি দর্শনার্থীদের খাঁটি কৃষিভিত্তিক অভিজ্ঞতা আবিষ্কার করতে উৎসাহিত করবে এবং একই সাথে স্টেটের কমিউনিটিগুলিতে পর্যটন ও অর্থনৈতিক কর্মকাণ্ড বাড়াবে।

গভর্নরের 2026 সালের স্টেট অফ দ্য স্টেটে প্রথম ঘোষণা করা এই উদ্যোগটি দর্শনার্থীদেরকে সরাসরি NY-এর সাইডারকে অনন্য করে তোলা মানুষ ও স্থানের সাথে সংযুক্ত করার মাধ্যমে নিউ ইয়র্কের কৃষিকে শক্তিশালী করা, পর্যটন সম্প্রসারণ, এবং ছোট ব্যবসাগুলিকে সমর্থন করার ক্ষেত্রে গভর্নর Hochul-এর (হোকল) প্রচেষ্টাকে অগ্রসর করে।

দেশের অন্য যেকোনো স্টেটের তুলনায় নিউ ইয়র্কে সক্রিয় সাইডারির সংখ্যা বেশি এবং এটি দেশের দ্বিতীয় বৃহত্তম আপেল উৎপাদক। পুরো ইন্ডাস্ট্রিতে বছরে মোট 1.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থনৈতিক প্রভাব তৈরি হওয়ার ফলে, নিউ ইয়র্কের অর্চার্ড ও সাইডারিগুলি সক্রিয় কৃষিজমি সংরক্ষণ করে, হাজার হাজার চাকরিকে সমর্থন করে, স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করে, এবং কৃষি, ক্র্যাফটম্যানশিপ ও আতিথেয়তার উপর ভিত্তি করে খাঁটি ভ্রমণের অভিজ্ঞতা তৈরি করে।

New York Cider Association এবং Airbnb-এর পার্টনারশিপ গ্রামীণ গন্তব্যগুলিতে অর্থপূর্ণ ভ্রমণ অভিজ্ঞতার জন্য ভোক্তাদের বাড়তে থাকা চাহিদার প্রতিফলন। Airbnb-এর তথ্য অনুযায়ী, 86 শতাংশ ভ্রমণকারী গ্রামীণ কমিউনিটি ভ্রমণে আগ্রহী, পাশাপাশি Airbnb-এর প্রায় দুই-তৃতীয়াংশ অতিথি বাড়ি থেকে 300 মাইলের মধ্যে ভ্রমণ করেন। Airbnb-এর সাইটে থাকা New York landing page-এ স্টেটের পাঁচটি স্বতন্ত্র সাইডার অঞ্চল তুলে ধরা হবে, যা দর্শনার্থীদের স্থানীয় আবাসনের সাথে কাছাকাছি সাইডারি, অর্চার্ড, রেস্তোরাঁ, মনোরম দর্শনীয় স্থান এবং ঘরের বাইরের বিনোদনমূলক কার্যক্রম একসাথে বেছে নিতে সাহায্য করবে, ফলে সাইডারের মাধ্যমে নিউ ইয়র্ক ঘুরে দেখা আগের যেকোনো সময়ের চেয়ে সহজ হবে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "নিউ ইয়র্কের হার্ড সাইডারের শুরু আমাদের অর্চার্ড থেকে এবং এটি বহু প্রজন্মের কৃষিক্ষেত্রের অসাধারণত্বের প্রতিফলন। প্রতিটি সাইডারি ভ্রমণ আমাদের চাষীদের সমর্থন করে, স্থানীয় খাদ্যব্যবস্থাকে শক্তিশালী করে, এবং আমাদের স্টেটকে স্বতন্ত্র করে তোলা সক্রিয় কৃষিজমিগুলি সংরক্ষণে সাহায্য করে। এই ক্যাম্পেইন নিউ ইয়র্কের কৃষির পেছনে থাকা অসাধারণ মানুষদের উপর আলোকপাত করে এবং একই সাথে আরো বেশি ভোক্তাকে তাদের খাদ্য ও পানীয় কোথা থেকে আসে, তা সরাসরি দেখার অভিজ্ঞতা নিতে উৎসাহিত করে।"

নিউ ইয়র্ক স্টেটের লিকার অথোরিটির (New York State Liquor Authority, SLA) চেয়ার Lily Fan (লিলি ফ্যান) বলেন, "নিউ ইয়র্ক স্টেটে বিশ্বের সেরা কিছু অর্চার্ড এবং দেশের সব থেকে দক্ষ কিছু সাইডার প্রস্তুতকারক রয়েছেন। এই NY State of Cider ক্যাম্পেইনটি নিউ ইয়র্কে ভ্রমণ করতে এবং এমন অনন্য কৃষি অভিজ্ঞতা, বিশ্বমানের

আতিথেয়তা এবং অর্চার্ড থেকে সদ্য পাওয়া পানীয় উপভোগ করতে কেমন লাগে তা তুলে ধরবে। আমাদের স্টেটের অসাধারণ সাইডার উৎপাদকদের প্রচার, স্থানীয় ব্যবসা বাড়াতে সাহায্য এবং নিউ ইয়র্কের অর্থনীতিকে শক্তিশালী করার উদ্যোগে সাহায্য করতে গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) উদ্যোগকে সমর্থন করতে পেরে SLA গর্বিত।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) লক্ষ্যভিত্তিক প্রচেষ্টার কারণে নিউ ইয়র্ক স্টেটের শক্তিশালী কৃষিব্যবসা ইন্ডাস্ট্রি দিন দিন আরো সমৃদ্ধ হচ্ছে, এবং এই নতুন ক্যাম্পেইন দর্শনার্থী ও বাসিন্দাদের এম্পায়ার স্টেটের (Empire State) সবকিছু ঘুরে দেখার জন্য আরো উৎসাহিত করবে। নিউ ইয়র্কের চাষী ও প্রস্তুতকারকদের এবং স্টেটের সাইডার ইন্ডাস্ট্রির ফল উপভোগ করেন এমন সবার জন্য শুভেচ্ছা!"

স্টেটের সিনেটর Michelle Hinchey (মিশেল হিঞ্চি) বলেন, "নিউ ইয়র্ক দেশের শীর্ষস্থানীয় হার্ড সাইডার উৎপাদক, এর কৃতিত্ব সেই ব্যবসার মালিকদের যারা নিজেদের ক্র্যাফট সাইডারিকে ঘুরে দেখতেই হবে এমন কৃষিভিত্তিক পর্যটন গন্তব্যে পরিণত করতে নিজেদের সর্বস্ব উজাড় করে দেন। New York Cider Association এবং Airbnb-এর এই নতুন পার্টনারশিপ আমাদের অঞ্চলে দর্শনার্থীদের স্বাগত জানানোর এবং তাদের পরবর্তী ভ্রমণের জন্য পরিবারের মালিকানাধীন চমৎকার অর্চার্ড, সাইডারি ও রেস্তোরাঁগুলি আবিষ্কার করতে সাহায্য করার একটি কার্যকর উপায়। স্থানীয় ব্যবসাগুলিকে সাহায্য করার একটি নতুন উপায় তৈরি করার জন্য গভর্নর Hochul (হোকল), New York Cider Association এবং Airbnb-কে ধন্যবাদ। এটি নিউ ইয়র্কের সাইডার ইন্ডাস্ট্রিকে সমৃদ্ধ করে তোলা ব্যবসাগুলিতে আরো বেশি ক্রেতা এবং বিক্রি নিয়ে আসতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলির সদস্য Donna Lupardo (ডোনা লুপার্ডো) বলেন, "নিউ ইয়র্কের হার্ড সাইডারকে ব্যাপকভাবে গোল্ড স্ট্যান্ডার্ড হিসেবে বিবেচনা করা হয়! এই কারণেই আমি এই বছরের স্টেট বাজেটে NY State of Cider উদ্যোগটি অন্তর্ভুক্ত করার পক্ষে এতটা সমর্থন জানিয়েছি। আমার কোনো সন্দেহ নেই যে আমাদের আপেল চাষী, সাইডার উৎপাদক, এবং সাইডারি তুলে ধরার মাধ্যমে তারা স্টেটের কৃষিভিত্তিক পর্যটন খাতের আরো গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠবে। মূল Farm Cidery আইনটির একজন কো-স্পন্সর হিসেবে আমি এই ইন্ডাস্ট্রি কতটা বড় হয়েছে তা দেখে বিশেষভাবে আনন্দিত এবং আরো বেশি দর্শনার্থীকে নিউ ইয়র্কের অসাধারণ সাইডার অঞ্চলগুলি আবিষ্কার করতে দেখার অপেক্ষায় আছি।"

New York Cider Association-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Scott Ramsey (স্কট র‍্যামসি) বলেন, "হার্ড সাইডার হলো নিউ ইয়র্ককে অনুভব করার সবচেয়ে খাঁটি উপায়গুলির একটি। প্রতিটি গ্লাসে এটিকে বাস্তব রূপ দান করা অর্চার্ড, কৃষক, প্রস্তুতকারক, রেস্তোরাঁ, এবং কমিউনিটিগুলির প্রতিফলন রয়েছে। এই ক্যাম্পেইন শুধু একটি ক্র্যাফট পানীয়ের প্রচারের থেকে অনেক বেশি কিছু। এটির উদ্দেশ্যে কৃষিকে শক্তিশালী করা, স্থানীয় ব্যবসাগুলিকে সমর্থন করা, কৃষিভিত্তিক পর্যটনের সুযোগ বাড়ানো, এবং আরো বেশি মানুষকে নিউ ইয়র্ক স্টেটে তাদের জন্য অপেক্ষা করে থাকা অসাধারণ অভিজ্ঞতাগুলি আবিষ্কার করতে সাহায্য করা।"

Airbnb-এর নর্থইস্ট আটলান্টিক (Northeast Atlantic) পলিসির প্রধান Michael

Blaustein (মাইকেল ব্লস্টেইন) বলেন, "ভালো সাইডারের মতো Airbnb-ও মানুষকে তাদের ভালোবাসার কোনো কিছুকে কেন্দ্র করে একত্রিত করে, আর এ কারণেই New York Cider Association এবং স্টেটের পার্টনার হয়ে নিউ ইয়র্কের আপেল চাষী ও সাইডার প্রস্তুতকারকদের তুলে ধরতে পেরে আমরা আনন্দিত। আমাদের নতুন নির্দেশিকা দর্শনার্থীদের নিউ ইয়র্কের সাইডার কান্ট্রি খুঁজে পেতে সাহায্য করবে এবং তারা যে অর্থ খরচ করেন তার আরো বেশি অংশ এই কমিউনিটিগুলিকে শীর্ষস্থানীয় গন্তব্যে পরিণত করা হোস্ট ও ছোট ব্যবসাগুলির কাছে পৌঁছাবে। কৃষিভিত্তিক পর্যটন গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার এবং অর্থ সরাসরি পারিবারিক খামার ও স্থানীয় ব্যবসাগুলির হাতে পৌঁছে দেওয়ার অন্যতম সরাসরি উপায়।"

NY State of Cider ক্যাম্পেইনে ইন্টিগ্রেটেড মার্কেটিং, ডিজিটাল গল্প বলা, রন্ধন সম্পর্কিত পার্টনারশিপ, পর্যটনের প্রচার এবং পুরো স্টেটের ভোক্তাদের জড়িত করার উদ্যোগ থাকবে যা NY-এর সাইডারকে স্টেটের কৃষিভিত্তিক ঐতিহ্য ও দর্শনার্থীদের অভিজ্ঞতার একটি অপরিহার্য অংশ হিসেবে উদযাপন করার জন্য নকশা করা হয়েছে। সম্মিলিতভাবে, এইসব উদ্যোগ দেশের শীর্ষস্থানীয় হার্ড সাইডার উৎপাদনকারী স্টেটগুলির একটি হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকে আরো শক্তিশালী করবে এবং একই সাথে এম্পায়ার স্টেটে পর্যটন বৃদ্ধি, কৃষিকে সমর্থন, এবং কমিউনিটিগুলির জন্য নতুন অর্থনৈতিক সুযোগ তৈরির ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) লক্ষ্যকে অগ্রসর করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।